# Times Today BD

জেলা প্রতিনিধি | খুলনা | 19 May, 2025

নড়াইলে ইজিবাইকচালক আবু রোহান মোল্যা হত্যা মামলায় দুই আসামিকে মৃত্যুদণ্ড ও প্রত্যেককে ২০ হাজার টাকা করে জরিমানা করেছেন আদালত।সোমবার (১৯ মে) বেলা সাড়ে ১১টার দিকে জেলা ও দায়রা জজ আদালতের বিচারক শারমিন নিগার এ রায় ঘোষণা করেন।

দণ্ডপ্রাপ্ত দুই আসামি হলেন–নড়াইল সদর উপজেলার হবখালি ইউনিয়নের কোমখালী গ্রামের মো. মুনজুর শেখের ছেলে শাহিন শেখ (২৪) এবং মো. আজিবার খাঁর ছেলে রমজান খাঁ (২৯)।রায় ঘোষণার সময় তারা আদালতে অনুপস্থিত ছিলেন।নড়াইল জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট এসএম আব্দুল হক রায়ের বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০২০ সালের ২৪ নভেম্বর বিকেলে ইজিবাইকচালক আবু রোহান মোল্যা (২০) নিজ বাড়ি ডাঙ্গা সিঙ্গিয়া গ্রাম থেকে ইজিবাইক নিয়ে বের হন।সন্ধ্যায় তিনি সিঙ্গিয়া বাজার থেকে দুই যাত্রী নিয়ে মাইজপাড়ার দিকে রওনা দেন।রাতে আর বাড়ি ফেরেননি।

পরদিন সকালে রোহানের বাবা চান মিয়া মোল্যা সদর থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেন।সেই দিনই সকাল সাড়ে ১০টার দিকে পুলিশ মাইজপাড়া-গাবতলা সড়কের বামনহাট এলাকায় রাস্তার পাশে একটি জমি থেকে তার মরদেহ উদ্ধার করে।

পুলিশের তদন্ত শেষে হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে তিনজনের নামে চার্জশিট দাখিল করা হয়।মামলার দীর্ঘ বিচারিক প্রক্রিয়ায় ১৪ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ শেষে বিচারক দুই আসামির বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাদের মৃত্যুদণ্ডাদেশ দেন।

তবে মামলার আরেক আসামি মাসুদ রানার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বেকসুর খালাস দেওয়া হয়েছে।

পাবলিক প্রসিকিউটর এসএম আব্দুল হক বলেন,আবু রোহান একজন তরুণ ইজিবাইকচালক ছিলেন।নির্মমভাবে তাকে হত্যা করে তার যানবাহন ছিনিয়ে নেওয়া হয়।আমরা ন্যায়বিচার পেয়েছি বলে মনে করি।

আদালতের এই রায়ের মাধ্যমে ন্যায়বিচারের একটি দৃষ্টান্ত স্থাপিত হলো বলে মনে করছেন স্থানীয়রা।তবে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা এখনও পলাতক থাকায়, তাদের গ্রেপ্তারে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছেন নিহতের পরিবার ও এলাকাবাসী।

নড়াইল মৃত্যুদণ্ড আদালত ইজিবাইক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:25

URL: https://www.timestodaybd.com/public/khulna/4544122691